# হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

## ১১৫. নিজের মাতা-পিতাকে সরাসরি লা’নত দেয়া অথবা তাদের লা’নতের কারণ হওয়া

নিজের মাতা-পিতাকে সরাসরি লা’নত দেয়া অথবা তাদের লা’নতের কারণ হওয়া আরেকটি হারাম কাজ ও কবীরা গুনাহ্।

আব্দুল্লাহ্ বিন্ ‘আমর (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

إِنَّ مِنْ أَكْبَرِ الْكَبَائِرِ أَنْ يَّلْعَنَ الرَّجُلُ وَالِدَيْهِ، قِيْلَ: يَا رَسُوْلَ اللهِ؟ وَكَيْفَ يَلْعَنُ الرَّجُلُ وَالِدَيْهِ؟ قَالَ: يَسُبُّ الرَّجُلُ أَبَا الرَّجُلِ فَيَسُبُّ أَبَاهُ، وَيَسُبُّ أُمَّهُ فَيَسُبُّ أُمَّهُ.

“সর্ব বৃহৎ কবীরা গুনাহ্’র একটি এও যে, কোন ব্যক্তি তার মাতা-পিতাকে লা’নত দিবে। বলা হলো: হে আল্লাহ্’র রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! কিভাবেই বা কোন ব্যক্তি তার মাতা-পিতাকে লা’নত করতে পারে? তিনি বললেন: সে ব্যক্তি অন্য ব্যক্তির পিতাকে গালি দেয় তখন সে ব্যক্তি তার পিতাকে গালি দেয়। তেমনিভাবে সে অন্যের মাকে গালি দেয় তখন সেও তার মাকে গালি দেয়”। (বুখারী ৫৯৭৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=6791

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন